

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা।
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.১৯৬.২০১৬-১৪৫

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭
০৭ মার্চ ২০২১

বিষয়: এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার আওতাধীন মহানন্দা নদীর শেখ হাসিনা সেতুর সাথে সংযোগ সড়ক নির্মাণ” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি প্রস্তাব প্রেরণ


সূত্র: এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৯৭৪.১৪.০০১.২০.৩৯৭; তারিখ: ০৮/১২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার আওতাধীন মহানন্দা নদীর ‘শেখ হাসিনা’ সেতুর সাথে সংযোগ সড়ক নির্মাণ শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নের মোট ২৫৫.৪৬ (দুইশত পঞ্চাশ কোটি ছেচল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৪/০৮/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। জানুয়ারি ২০২১ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ২১.৭২% এবং আর্থিক অগ্রগতি ৬৩.০৭ কোটি টাকা (২৪.৮০%)।

০২। নভেল করোনা (COVID-19) ভাইরাসের সংক্রামনরোধে সারাদেশে একাধারে প্রায় ৩ মাস সাধারণ ছুটি ও পরবর্তীতে স্বল্প পরিসরে অফিস খোলা থাকায় যথাসময়ে কার্য সম্পাদন করা সম্ভব হয়নি। এছাড়া আগাম বন্যা ও অতিবৃষ্টির কারণে জমি অধিগ্রহণের নির্ধারিত এগ্লাইনমেন্ট পানিতে নিমজ্জিত থাকায় সার্ভে কাজ ব্যহত হয়। তাই ২০১৯-২০ অর্থ বছরে কাজিত অগ্রগতি অর্জন করা সম্ভব হয়নি বিধায় প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল ১ (এক) বছর ৬ (ছয়) মাস অর্থাৎ ডিসেম্বর ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজন। গত ০১/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র সভায় প্রকল্পটি মেয়াদ ১ (এক) বছর ৬ (ছয়) মাস বৃদ্ধির সুপারিশ করা হয় (সংযুক্তি-১)।

০৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার আওতাধীন মহানন্দা নদীর ‘শেখ হাসিনা’ সেতুর সাথে সংযোগ সড়ক নির্মাণ” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর ০৬ (ছয়) মাস অর্থাৎ জুলাই ২০১৮ হতে জুন ২০২১ এর পরিবর্তে জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ মেয়াদ বৃদ্ধির নির্ধারিত ছক ০১ (এক) প্রস্থ।


(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৭৫৮০১২
planning1.lgd@gmail.com

১। সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

২। সদস্য
ভৌত অবকাঠামো বিভাগ
পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক/যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।